

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ৮, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৬ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ/০৮ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৭.০৫৩—জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ সহযোগী, মহান মুক্তিযুদ্ধের নেতৃস্থানীয় সংগঠক, মুক্তিযুদ্ধকালীন অস্থায়ী সরকারের স্বরাষ্ট্র, ত্রাণ ও পুনর্বাসন, কৃষি ও খাদ্য মন্ত্রণালয়ের মন্ত্রী এবং জাতীয় চার নেতার অন্যতম শহীদ এ, এইচ, এম, কামারুজ্জামানের সহধর্মিণী ও বিশিষ্ট সমাজকর্মী বেগম জাহানারা জামান গত ০৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে ইন্তেকাল করেন (ইন্মালিল্লাহি ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮১ বছর।

২। বেগম জাহানারা জামানের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৪ মাঘ ১৪২৩/০৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ১২৭৭ )

মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

২৪ মাঘ ১৪২৩  
ঢাকা: -----  
০৬ ফেব্রুয়ারি ২০১৭

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ সহযোগী, মহান মুক্তিযুদ্ধের নেতৃস্থানীয় সংগঠক, মুক্তিযুদ্ধকালীন অস্থায়ী সরকারের স্বরাষ্ট্র, ত্রাণ ও পুনর্বাসন, কৃষি ও খাদ্য মন্ত্রণালয়ের মন্ত্রী এবং জাতীয় চার নেতার অন্যতম শহীদ এ, এইচ, এম, কামারুজ্জামানের সহধর্মিণী ও বিশিষ্ট সমাজকর্মী বেগম জাহানারা জামান ০৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে ইন্তেকাল করেন (ইন্মাল্লিহা ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮১ বছর।

বেগম জাহানারা জামান ১৯৩৬ সালের ২৬ ডিসেম্বর বগুড়া জেলার দুপচাচিয়া উপজেলার এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। ১৯৫১ সালে বিশিষ্ট রাজনীতিবিদ জনাব এ, এইচ, এম, কামারুজ্জামানের সঙ্গে তিনি বিবাহবন্ধনে আবদ্ধ হন। তাঁদের সংসারে দুই পুত্র ও চার কন্যা জন্মগ্রহণ করে।

স্বাধিকার আন্দোলন থেকে মুক্তিযুদ্ধ এবং তৎপরবর্তী সময়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বাধীন সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী জনাব কামারুজ্জামানের সহধর্মিণী হিসেবে সার্বক্ষণিক শক্তি, সাহস ও প্রেরণা যুগিয়েছেন এই মহীয়সী নারী। স্বাধীনতা যুদ্ধকালীন ঝঞ্জাফুর দিনগুলোতে তিনি সাহসিকতার সঙ্গে স্বামীর পাশে দাঁড়িয়েছেন।

১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে নৃশংসভাবে হত্যার পরে ২৩ আগস্ট তারিখে স্বাধীনতার অগ্রদূত মহান নেতা জনাব কামারুজ্জামানকে গ্রেফতার করা হয় এবং ৩রা নভেম্বর ঢাকা কেন্দ্রীয় কারাগারে বন্দী অবস্থায় তাঁকে নির্মমভাবে হত্যা করা হয়। এই ঘটনা হত্যাকাণ্ডের পরে দেশে সৃষ্ট ভয়ানক পরিস্থিতিতেও বেগম জাহানারা জামান তাঁর সন্তানদের আগলে রেখেছেন এবং বঙ্গবন্ধুর আদর্শে তাঁদেরকে মানুষ করেছেন। জাহানারা জামানের জ্যেষ্ঠ পুত্র এ এইচ এম খায়রুজ্জামান লিটন রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র ছিলেন এবং বর্তমানে তিনি রাজশাহী মহানগর আওয়ামী লীগের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। বেগম জাহানারা জামানের অন্যান্য সন্তানও দেশে-বিদেশে স্ব স্ব ক্ষেত্রে সুপ্রতিষ্ঠিত।

সমাজকল্যাণমূলক কর্মকাণ্ডের প্রতি বেগম জাহানারা জামানের ছিল সহজাত প্রবণতা। তিনি প্রতিবন্ধী ও প্রবীণ-সংশ্লিষ্ট এবং জনহিতৈষী বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত ছিলেন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বেগম জাহানারা জামানের ছিল গভীর শ্রদ্ধা এবং তাঁর আদর্শের প্রতি ছিল অবিচল আস্থা। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব, বঙ্গবন্ধুকন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ পরিবারের সকল সদস্যের সঙ্গে ছিল তাঁর প্রগাঢ় হৃদয়তাপূর্ণ পারিবারিক বন্ধন। জীবনের শেষদিন পর্যন্ত তিনি এই সম্পর্ক বজায় রেখেছেন।

মন্ত্রিসভা বেগম জাহানারা জামানের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd